

১৫-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেল  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- মশিবিম/শা-সেল/১৬/৯৯(অংশ-১)/১৬/১৭

তারিখঃ ১৩/০২/২০১৪ খ্রিঃ

প্রজ্ঞাপন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে গত ২০/১২/২০১০ তারিখে মশিবিম/শা-সেল/১৬/৯৯/১৩৬০ নং স্মারকমূলে উপজেলা নারী ও শিশু নির্যাতন নিরোধ কমিটি পুনর্গঠন করা হয়। উক্ত কমিটি বাতিলপূর্বক উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি পুনর্গঠন করা হলো :

১।	উপজেলা নির্বাহী কর্মকর্তা	- সভাপতি
২।	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান	- সদস্য
৩।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি চিকিৎসক	- সদস্য
৪।	থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা	- সদস্য
৫।	সমাজসেবা কর্মকর্তা	- সদস্য
৬।	উপজেলা শিক্ষা অফিসার	- সদস্য
৭।	যুব উন্নয়ন কর্মকর্তা	- সদস্য
৮।	জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান (যে ক্ষেত্রে প্রযোজ্য)	- সদস্য
৯।	স্থানীয় প্রেসক্লাবের প্রতিনিধি	- সদস্য
১০।	বেসরকারী সংস্থার প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত মহিলা প্রতিনিধি)	- সদস্য
১১।	শিক্ষক সমিতির সভাপতি (মাধ্যমিক ও প্রাথমিক)	- সদস্য
১২।	প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল (যে ক্ষেত্রে প্রযোজ্য)	- সদস্য
১৩।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	- সদস্য-সচিব

কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট করতে পারবে

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির কার্যপরিধি :

- উপজেলা পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেলের কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় করা।
- কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সার্বিক সহায়তা প্রদান করা।
- কমিটি প্রতিমাসে সভা করে সভার কার্যবিবরণী নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেলে পেরণ করবে।

(মোঃ লোকমান আহাম্মদ)

সিনিয়র সহকারী সচিব ১০১৪

ফোন : ৯৫৪৫৯৯৬

বিতরণ :

- উপজেলা নির্বাহী অফিসার(সকল)  
(কমিটির সদস্যদের ছায়ালিপি প্রেরণের অনুরোধ করা হলো)
- উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধসহ।

নং- মশিবিম/শা-সেল/১৬/৯৯(অংশ-১)/১৬/১৭  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখঃ ১৩/০২/২০১৪ খ্রিঃ

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।